দৈনিক ইত্তেফাক //
তারিখ . 09 MAR 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি

# ৩৭ শত আসনের জন্য ৪৪ হাজার ২৮১টি আবেদনপত্র

*ইত্তেফাক রিপোর্ট।। গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯১-৯২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষায় ৩৭ শত আসনের জন্য মোট ৪৪ হাজার ২ শত ৮১টি আবেদনপত্র বিক্রয় হইয়াছে। হিসাবমতে, এবার ১টি আসনের জন্য ১২ জন ছাত্র-ছাত্রীকে প্রতিদ্বন্দ্বিতা করিতে হইবে। গত ৩ বছরের তুলনায় এবার ভর্তি প্রার্থীর সংখ্যা বেশী। ১৯৯০-৯১ শিক্ষাবর্ষে ৪৩ হাজার, ১৯৮৯-৯০ শিক্ষা বর্ষে ৩৯ হাজার, ১৯৮৮-৮৯ শিক্ষা* (২য় পৃঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে

( ১ম পৃঃ পর )

বর্ষে ৩৫ হাজার ছাত্র-ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য দরখাস্ত করিয়াছিল।

গতকাল আবেদনপত্র বিক্রির শেষদিনে 'ক' ইউনিটের আওতায় বিজ্ঞানের ছাত্র-ছাত্রীদের ১১ শত আসনের জন্য ১২ হাজার ৬ শত ১৬টি আবেদনপত্র, 'খ' ইউনিটের আওতায় মানবিক বিভাগের ছাত্র-ছাত্রীদের ১৬ শত আসনের জন্য ৯ হাজার ৬ শত ৭৫, 'গ' ইউনিটের আওতায় বাণিজ্য অনুষদের ছাত্র-ছাত্রীদের সাড়ে ছয়শত আসনের জন্য ৬ হাজার একশত ১০টি এবং 'ঘ' ইউনিটের আওতায় সকল বিভাগের ছাত্র-ছাত্রীদের ৪৯৫টি আসনের জন্য ১৪ হাজার ২ শতটি আবেদনপত্র বিক্রয় হইয়াছে।